

## পাসের দিক দিয়ে এগিয়ে সিলেট শিক্ষা বোর্ড

### ■ সিলেট অফিস

এবারের এসএসসি পরীক্ষায় পাসের হারের দিক থেকে দেশে এগিয়ে রয়েছে সিলেট বোর্ড। এসএসসিতে সারাদেশে গড় পাসের হার ৮৬ দশমিক ৩৭ হলেও সিলেট বোর্ডে এ হার ৯১ দশমিক ৭৮। সিলেট বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৬শ' ১১ জনকে মোট পরীক্ষার্থী ছিল ৫৮ হাজার ৩শ' ৭৬ জন। আর পাস করেছে ৫৩ হাজার ৫শ' ৭৯ জন। পাসের হার ও জিপিএ-৫ প্রাপ্তির দিক থেকে সিলেট বোর্ডে মেয়েদের চেয়ে ছেলেরা এগিয়ে। ছেলেরা পাসের হার ৯২ দশমিক ৩৯ এবং মেয়েদের পাসের হার ৯১ দশমিক ৩০। জিপিএ-৫ প্রাপ্তদের মধ্যে ছেলে ১ হাজার ৫শ' ৭১ জন ও মেয়ে ১ হাজার ৪০ জন।

সার্বিক ফলাফলে সন্তোষ প্রকাশ করে সিলেট শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মনির উদ্দিন বলেন, পাসের হারে আমরা দেশেরা হয়েছি এটা অত্যন্ত খুশির বিষয়। জবিঘাতেও ভালো ফল অর্জনের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান।

সেরার মুকুট সিলেট ক্যাডেট কলেজের সিলেট বোর্ডে সেরাদের সেরার মুকুট পেয়েছে সিলেট ক্যাডেট কলেজ। ক্যাডেট কলেজ থেকে এবার ৫৩ জন ছাত্র পরীক্ষায় অংশ নিয়ে ৫২ জন জিপিএ-৫ পেয়েছে। এর মধ্যে বিজ্ঞান বিভাগ থেকে ৪৭জন ও মানবিক বিভাগ থেকে ৫জন জিপিএ-৫ পায়। ক্যাডেট কলেজের এ সাফল্যে ছাত্র, শিক্ষক, অভিভাবক সকলেই খুশি।

কলেজ অধ্যক্ষ এম নিয়ামুল হাসান (কমান্ডার বিএন) ইত্তেফাককে বলেন, ক্যাডেট কলেজ সব প্রতিষ্ঠান থেকে আলাদা। পরীক্ষার ফলাফলেই তা প্রতিফলিত হয়। তিনি কলেজের সাফল্যের জন্য ছাত্র-শিক্ষক ও অভিভাবকের অবদানের কথা স্বীকার করে সবমুহুরে সেরাদের সেরা হওয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

### সেরা ২০ স্কুল

সিলেট বোর্ডের সেরা ২০ স্কুল হলো- সিলেট ক্যাডেট কলেজ, বুবার্ট হাইস্কুল, সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, জালালাবাদ ক্যান্টনম্যান্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট সরকারি অগ্রপাদী বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়, হুদাঙ্গমোহাম্মদ সিলেট, প্রীমসলের দি বার্ড রেসিডেন্সিয়াল মডেল হাইস্কুল, হবিগঞ্জের বিকেজিসি গার্লস হাইস্কুল, শাহজালাল আমেদ্যা ইসলামিয়া হাইস্কুল সিলেট, মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জের এসসি গার্লস হাইস্কুল, গোবিন্দপুর সরকারি উচ্চ বিদ্যালয়, গায়েড়াগঞ্জ ইমদাদী একাডেমী এন্ড হাইস্কুল, বর্ডার গার্ড পাবলিক স্কুল সিলেট, বিদ্যা উন্নয়ন বোর্ড হাইস্কুল শাহজিবাজার, বিটিআরআই হাইস্কুল প্রীমসল, হাজি মোহাম্মদ উত্তার গার্লস হাইস্কুল শমশেরনগর, জুবিলী হাইস্কুল সুনামগঞ্জ ও দি টাওয়ার কেজি এন্ড হাইস্কুল।